GARHBETA COLLEGE LIBRARY
Estd.-1948

Total Pages : 3

B.A./3rd Sem/BNG/25(NEP)

# 2025

# 3rd Semester Examination (CCFUP : NEP)

## BENGALI

### Paper : MJ A2-T (Multidisciplinary Studies Major)

### [প্রাগাধুনিক বাংলা সাহিত্যের পদপাঠ]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে-কোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১। চর্যাপদের প্রথম এবং শেষ পদের রচয়িতার নাম লেখো। ১+১

২। "ধমন চমণ বেণি পিণ্ডি বইঠা" — পদটির রচয়িতা কে? 'ধমন' ও 'চমণ' শব্দের অর্থ কী? ১+১

৩। চর্যাপদে উল্লিখিত যে-কোনো দু'টি যানবাহন এবং দু'টি নদীর নাম লেখো। ১+১

৪। বাংলা ভাষায় প্রথম পদাবলী কে রচনা করেন? তিনি কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা? ১+১

P.T.O.

৫। 'অভিনব জয়দেব' এবং 'কবিরাজ' উপাধি কোন্ দু'জন কবি লাভ করেছিলেন? ১+১

৬। রামপ্রসাদের শাক্ত পদাবলী কী নামে পরিচিত? তিনি কার কাছ থেকে কী উপাধি লাভ করেছিলেন? $১+\frac{১}{২}+\frac{১}{২}$

৭। "বারে বারে কহ রানি, গৌরী আনিবারে" — এটি কার লেখা কোন্ পর্যায়ের পদ? ১+১

৮। "ওহে গিরিরাজ, গৌরী অভিমান করেছে।" — গৌরীর অভিমানের কারণ কী? ২

**বিভাগ - খ**

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। "আলিএঁ কালিএঁ বাট রুন্ধেলা" — পদটির সরলার্থ ও গূঢ়ার্থ লেখো।

১০। "উঁচা উঁচা পাবত তঁহি বসই সবরী বালী।
মোরঙ্গি পীচ্ছ পরহিণ সবরী গিবত গুঞ্জরী মালী।।"
— পদাংশটি ব্যাখ্যা করো।

১১। "যত নিবারিয়ে চাই নিবার না যায় রে।" — পদটি বিশ্লেষণ করে এই পর্যায়ের পদ রচনায় কবির শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।

১২। অভিসার পর্যায়ের পদ রচনায় গোবিন্দদাসের শ্রেষ্ঠত্বের কারণ সংক্ষেপে লেখো।

১৩। টীকা লেখো — 'আগমনী পর্যায়ের পদ'

১৪। 'ওরে নবমী-নিশি না হইও রে অবসান' — প্রসঙ্গ নির্দেশ করে পদাংশটি ব্যাখ্যা করো।

## বিভাগ - গ

যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

১৫। বৌদ্ধ সাধন সঙ্গীত হলেও চর্যাপদে সেকালের বাঙালি সমাজ জীবনের যে ছবি ধরা পড়েছে তার পরিচয় দাও।

১৬। "এ সখি হামারি দুখের নাহি ওর।" — পদটিতে পদকর্তা বর্ষার পটভূমিকায় কীভাবে রাধার প্রবল বিরহ যন্ত্রণার রূপ অঙ্কন করেছেন তার পরিচয় দাও।

১৭। "রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর" — সমগ্র পদটির কাব্য সৌন্দর্য বিচার করে দেখাও যে পদটিতে "অনন্ত বাসনার অনন্ত হাহাকার মাত্র চার ছত্রের মধ্যে যেভাবে ধরা পড়িয়াছে তেমন মহাবিস্ময় কাব্যেতিহাসে অল্পই ঘটিয়াছে।"

১৮। 'মা আমায় ঘুরাবে কত, / কলুর চোখ-ঢাকা বলদের মত?' — পদটিতে পদকর্তার যে জীবন-আকুতি প্রকাশিত হয়েছে তার পরিচয় দাও।

১৯। তোমাদের পাঠ্য কমলাকান্ত ভট্টাচার্যের পদগুলিতে চিরন্তন বাঙালি মাতৃহৃদয়ের যে ছবি ফুটে উঠেছে নিজের ভাষায় তার পরিচয় লিপিবদ্ধ করো।

---